# কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮

( ১৯৯৮ সনের ৭ নং আইন )

**কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন।**

যেহেতু বেকার, বিশেষ করিয়া বেকার যুবকদের কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক নামে একটি ব্যাংক প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্ন্‌রূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রয়োগ**

১। (১) এই আইন কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবত্ হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “আর্থিক প্রতিষ্ঠান” অর্থ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান;

(খ) “তফসিলি ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর Article 37(1) এর অধীন ঘোষিত scheduled bank;

(গ) “ব্যাংক” অর্থ কর্মসংস্থান ব্যাংক;

(ঘ) “বোর্ড” অর্থ ব্যাংকের পরিচালনা বোর্ড;

(ঙ) “বাংলাদেশ ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ব্যাংক;

(চ) “চেয়ারম্যান” অর্থ বোর্ড এর চেয়ারম্যান;

(ছ) “পরিচালক” অর্থ ব্যাংকের পরিচালক;

(জ) “ব্যবস্থাপনা পরিচালক” অর্থ ধারা ১১ এর অধীনে নিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক;

(ঝ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঞ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ট) "ব্যাংক কোম্পানী আইন" অর্থ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন)।

**আইনের প্রাধান্য**

৩। আপাততঃ বলবত্ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদধীন প্রণীত বিধির বিধানাবলী কার্যকর থাকিবে।

**কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠা, ইত্যাদি**

৪। (১) এই আইন বলবত্ হইবার পর, যতশীঘ্র সম্ভব, কর্মসংস্থান ব্যাংক নামে একটি ব্যাংক প্রতিষ্ঠা করা হইবে।

(২) ব্যাংক একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইন ও বিধির বিধানাবলী সাপেক্ষে ইহার স্থাবর ও অস্থাবর উভয়বিধ সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধে মামলা করা যাইবে।

(৩) উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে, ব্যাংক কোম্পানী আইন এবং ব্যাংক কোম্পানী সম্পর্কিত আপাততঃ বলবত্ অন্য কোন আইনের বিধান ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৪) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ব্যাংক কোম্পানী আইন অথবা ব্যাংক কোম্পানী সংক্রান্ত আপাততঃ বলবত্ অন্য কোন আইনের কোন বিধান ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে বলিয়া নির্দেশ জারী করিলে উক্ত বিধান ব্যাংকের ক্ষেত্রে কার্যকর হইবে।

**ব্যাংকের প্রধান কার্যালয়, ইত্যাদি**

৫। (১) ব্যাংকের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) ব্যাংক, বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে, বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে উহার আঞ্চলিক অফিস, অন্যান্য অফিস এবং শাখা স্থাপন করিতে পারিবে।

**অনুমোদিত মূলধন**

৬। (১) ব্যাংকের অনুমোদিত মূলধন হইবে তিনশত কোটি টাকা।

(২) অনুমোদিত মূলধন একশত টাকা মূল্যমানের তিন কোটি সাধারণ শেয়ারে বিভক্ত থাকিবে।

(৩) সরকার, সময়ে সময়ে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ব্যাংকের অনুমোদিত মূলধনের পরিমাণ বৃদ্ধি করিতে পারিবে।

**পরিশোধিত মূলধন**

৭। (১) ব্যাংকের প্রারম্ভিক পরিশোধিত মূলধন হইবে একশত কোটি টাকা, যাহার মধ্যে ৭৫% গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধ করা হইবে এবং ২৫% রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক, তফসিলি ব্যাংক, বীমা কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা যাইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নির্দিষ্টকৃত মূলধন ব্যাংকের শেয়ার ক্রয়ের মাধ্যমে পরিশোধ করা যাইবে।

(৩) পরিশোধিত মূলধন শেয়ারের কোন অংশ অবিক্রিত থাকিলে উক্ত অংশ সরকার ক্রয় করিতে পারিবে।

(৪) সরকার, সময়ে সময়ে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ বৃদ্ধি করিতে পারিবে।

**পরিচালনা ও প্রশাসন**

৮। (১) ব্যাংকের পরিচালনা ও প্রশাসন এই আইনের অধীন গঠিত পরিচালনা বোর্ড এর উপর ন্যস্ত থাকিবে এবং ব্যাংক যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) যে কোন নীতিগত প্রশ্নে ব্যাংক সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করিবে এবং কোন বিষয় নীতিগত কি না সেই সম্পর্কে প্রশ্ন দেখা দিলে উহাতে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(৩) ধারা ৯ এর অধীন প্রথম বোর্ড গঠিত না হওয়া পর্যন্ত ব্যবস্থাপনা পরিচালক বোর্ডের যাবতীয় ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিবে।

**বোর্ড**

৯। (১) নিম্নবর্ণিত পরিচালক সমন্বয়ে ব্যাংকের পরিচালনা বোর্ড গঠিত হইবে, যথা:-

(ক) চেয়ারম্যান;

(খ) সরকার কর্তৃক মনোনীত চারজন পরিচালক;

(গ) বাংলাদেশ ব্যাংকের গভর্ণর কর্তৃক মনোনীত একজন নির্বাহী পরিচালক;

(ঘ) সরকার ব্যতীত অন্যান্য শেয়ার মালিক, যদি থাকে, কর্তৃক মনোনীত দুইজন পরিচালক;

(ঙ) ব্যবস্থাপনা পরিচালক।

(২) যদি ধারা ৭(১) এর অধীন রাষ্ট্রায়ত্ত ব্যাংক, তফসিলি ব্যাংক, বীমা কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য নির্দিষ্টকৃত মূলধন অনুরূপ কোন প্রতিষ্ঠান কর্তৃক

পরিশোধ করা হয় সেই ক্ষেত্রে উক্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উহার শেয়ার সংখ্যা অন্যুন ১০% হওয়া সাপেক্ষে, একজন পরিচালক মনোনীত করিতে পারিবে৷

(৩) কোন মনোনীত পরিচালক তাঁহার পদের কার্যভার গ্রহণের তারিখ হইতে তিন বত্সর পর্যন্ত স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন:

তবে শর্ত থাকে যে, মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাহার স্থলাভিষিক্ত ব্যক্তি কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি পরিচালক পদে বহাল থাকিবেন৷

(৪) উপ-ধারা (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার যে কোন সময় কোন মনোনীত পরিচালকের মনোনয়ন বাতিল করিতে পারিবে৷

**চেয়ারম্যান**

১০৷ (১) চেয়ারম্যান সরকার কর্তৃক নিযুক্ত হইবেন৷

(২) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি বা অসুস্থতাহেতু বা অন্য কোন কারণে চেয়ারম্যান দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন পরিচালক চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন৷

**ব্যবস্থাপনা পরিচালক**

১১৷ (১) ব্যাংকের একজন ব্যবস্থাপনা পরিচালক থাকিবেন৷

(২) ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ ব্যাংকের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরকৃত হইবে৷

(৩) ব্যবস্থাপনা পরিচালক ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন৷

(৪) ব্যবস্থাপনা পরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি বা অসুস্থতাহেতু বা অন্য কোন কারণে ব্যবস্থাপনা পরিচালক দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন কর্মকর্তা ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদন করিবেন৷

**পরিচালকের দায়িত্ব**

১২৷ চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্য পরিচালকগণ প্রবিধান দ্বারা বা বোর্ড কর্তৃক নির্ধারিত ব্যবস্থা মোতাবেক ব্যাংকের দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদন করিবেন৷

**পদত্যাগ**

১৩৷ চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক বা মনোনীত কোন পরিচালক সরকারের নিকট তাহার স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন৷

**সভা**

১৪। (১) বোর্ড এর সকল সভা, উহার চেয়ারম্যানের নির্দেশে এতদুদ্দেশ্যে নির্ধারিত ব্যাংকের কোন কর্মকর্তা কর্তৃক আহূত হইবে এবং সভার তারিখ, সময় ও স্থান চেয়ারম্যান কর্তৃক স্থিরকৃত হইবে।

(২) এই ধারার বিধান সাপেক্ষে, বোর্ড এর সভার কার্যধারা প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

(৩) বোর্ড এর সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) চেয়ারম্যান বোর্ড এর সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত পরিচালকদের মধ্য হইতে তাঁহাদের দ্বারা নির্বাচিত, ব্যবস্থাপনা পরিচালক বাদে অন্য, একজন পরিচালক সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) শুধুমাত্র কোন পরিচালক পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তদসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৬) সভার কোন আলোচ্যসূচীতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন পরিচালকের ব্যক্তিগত স্বার্থ জড়িত থাকিলে তিনি বোর্ড এর সভায় উক্ত বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ এবং ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন না।

**কমিটি**

১৫। বোর্ড উহার কাজের সহায়তার জন্য প্রয়োজনবোধে এক বা একাধিক কমিটি নিয়োগ করিতে পারিবে এবং উক্তরূপ কমিটির সদস্য সংখ্যা ও উহার দায়িত্ব ও কার্যাবলী নির্ধারণ করিতে পারিবে।

**ব্যাংকের কার্যাবলী**

১৬। ব্যাংক জামানত লইয়া বা জামানত ব্যতিরেকে, নগদে বা অন্য কোন প্রকারে, সকল প্রকার অর্থনৈতিক কার্যক্রম, বিশেষ করিয়া, বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের জন্য ঋণ প্রদান করিবে এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় আরোপিত শর্তাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত সকল বা যে কোন কার্য করিতে পারিবে, যথা:-

(ক) সংবিধিবদ্ধ সংস্থা, কোম্পানী, ব্যাংকের ঋণ গ্রহীতা এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত একক ব্যক্তি নহেন এমন অন্য কোন ব্যক্তি হইতে আমানত গ্রহণ করা;